



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২১ জানুয়ারি, ২০২০

## প্রেসবিজ্ঞপ্তি

আজ ২৭ জানুয়ারি, ২০২০ তারিখ সকাল ১১টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে উদ্ভাবন ও উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরন প্রকল্প (আইডিয়া)-এর অয়োজনে ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলজিস শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, দেশের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ সমস্যাসমূহ চিহ্নিত করে সে সকল সমস্যাসমূহ সমাধানে তথ্য-প্রযুক্তি ভিত্তিক উদ্ভাবনী সমাধানের লক্ষ্যে অয়োজিত আজকের সেমিনার দেশব্যাপী উদীয়মান উদ্যোক্তা তৈরি, উদ্যোক্তাদের বিনিয়োগ সহযোগিতা প্রদান, উদ্যোক্তাদের বৈদেশিক পরিবেশে প্রশিক্ষণ প্রদান সহ সামগ্রিক উদ্যোক্তা বান্ধব পরিবেশ তৈরিতে কার্যকর ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি। এ ধরনের আয়োজন সারা দেশ ব্যাপী পরিচালনা করা প্রয়োজন।

এসময় কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর আবদুল্লাহ আল মুমিনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো: আনোয়ারুল ইসলাম, স্কুল অব এপ্লাইড সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোস্তাক আহমেদ। কি-নোট বক্তা হিসেবে বক্তব্য রাখেন আইডিয়ার সহযোগী ব্যবস্থাপক জনাব আনিসুর রহমান।

উল্লেখ্য সারাদেশ থেকে আগ্রহীগন অনলাইনে নিবন্ধনের মাধ্যমে এই হ্যাকাথনে অংশগ্রহন করতে পারবে। অনলাইন অবেদনের শেষ তারিখ ৩১ জানুয়ারি ২০২০। অনলাইন নিবন্ধন ও বিস্তারিত তথ্য পাওয়া যাবে [www.startupbangladesh.gov.bd](http://www.startupbangladesh.gov.bd) ওয়েবসাইটে।

রেজিস্ট্রার